# TRIPURA LEGISLATIVE ASSEMBLY

9th Session

----

**কুল প্রশ্ন** - 33

----

3 Public Works **দপ্তরের সম্পর্কিত তথ্য** By- i) Shri Moboshar Ali ii) Shri Ratan Kumar Bhowmik

12 **মোবশ্বার আলী** ():

:- ১। বর্তমানে রাজ্যে Public Works দপ্তরের ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ আর্থিক বছর গুলিতে কোন কোন ডিভিশনে কতজন ঠিকেদারের কত টাকা করে বকেয়া বিল রয়েছে ; ২। কবে নাগাদ সেগুলি প্রদান করা হবে বলে আশা করা যায় ; ৩। ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০ সাল থেকে ২০২১, ফেব্রুয়ারী পর্যন্ত পূর্ত দপ্তর কয়টি এবং কত টাকার কাজ টেন্ডারের মাধ্যমে বরাত দিয়েছে ; ৪। এই কাজের মধ্যে কয়টি কাজ এবং কত টাকার কাজ ত্রিপুরা রাজ্যের এবং বহিরাজ্যের ঠিকেদারদের বরাত দেওয়া হয়েছে ?

----

5- **খাস জায়গায় সম্পর্কিত তথ্য** (By - Shri Sankar Roy)

13 **শংকর রায়** ():

**রাজস্ব** :- ১। ৪-বড়জলা বিধানসভা নির্বাচনী কেন্দ্রের অন্তর্গত চানমারি এলাকায় কত সংখ্যক পরিবার, কী পরিমাণ খাস জায়গায় বসবাস করছেন ; ২। উক্তদের মধ্যে কত সংখ্যক পরিবার চানমারি এলাকার শালবাগান-খয়েরপুর সংযোগকারী মূল সড়কটির জন্য সরকারীভাবে চিহ্নিত জায়গা দখল করে বসবাস করছেন ; ৩। চানমারি এলাকায় উল্লিখিত সড়কটির জন্য সরকারীভাবে চিহ্নিত জায়গা দখলমুক্ত করার লক্ষ্যে রাজ্য সরকারের কী পরিকল্পনা রয়েছে ?

----

**15- রাজ্যের প্রস্তাবিত দ্বিতীয় জাতীয় সড়ক সম্পর্কিত তথ্য** (By - Smt. Bijita Nath)

14 **বিজিতা নাথ** ():

:- ১। ইহা কি সত্য যে রাজ্যের প্রস্তাবিত দ্বিতীয় জাতীয় সড়কের কাজ শুরু হয়েছে ; ২। যদি সত্য হয় তবে রাস্তা করতে গিয়ে যেসব মানুষের জায়গা ও বাড়ীঘর পরেছে সরকার তাদের জন্য পুনঃবাসন বা অর্থ সেই পরিবারগুলিকে দেওয়ার কোন সিদ্ধান্ত আছে কি না ; এবং ৩। যদি থাকে তবে তার অর্থের পরিমাণ কীভাবে দেওয়া হবে বলে আশা করা যায় ?

----

**22- মহকুমা** (Sub-Division) **করার সম্পর্কিত তথ্য** (By - Shri Islam Uddin)

15 **ইসলাম উদ্দিন** ():

**রাজস্ব** :- ১। রাজ্যে নতুন করে মহকুমা (Sub-Division) করার সরকারের কোন পরিকল্পনা আছে কি ; ২। থাকলে ধর্মনগর মহকুমার কদমতলা ব্লক সদর নিয়ে নতুন মহকুমা করার কোন পরিকল্পনা আছে কি না ; ৩। যদি থাকে, তাহলে কবে নাগাদ তা কার্যকরী করা হবে বলে আশা করা যায় ; এবং ৪। যদি না হয়, তার কারণ ?

----

**25- বিরোধী রাজনৈতিক দল ও বিরোধী সংগঠনগুলি সভা ও মিছিল সম্পর্কিত তথ্য**
(By - Shri Ratan Kr. Bhowmik)

16 **রতন কুমার ভৌমিক** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। ২০১৮ সালের ১ এপ্রিল থেকে ২০২১ সালের ১০ ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন বিরোধী রাজনৈতিক দল ও বিরোধী সংগঠনগুলি সভা ও মিছিল করার জন্য পুলিশের নিকট কতগুলি অনুমতি চেয়েছিল (মহকুমা ভিত্তিক হিসাব); ২। তারমধ্যে কয়টির অনুমতি পুলিশ দিয়েছিল (মহকুমা ভিত্তিক হিসাব) ?

----

**37- রাজ্যে দারিদ্রসীমার সম্পর্কিত তথ্য**
(By - Shri Sudhan Das)

17 **সুধন দাস** ():

General Administration :- ১। ২০১৮ সালের ১ এপ্রিল থেকে ২০২১ সালের ২৫ ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যে কতজন অবসর প্রাপ্ত কর্মচারীকে পুনঃনিয়োগ দেওয়া হয়েছে ; ২। তার মধ্যে কতজন গ্রুপ-এ, গ্রুপ-বি ও গ্রুপ-সি (দপ্তর ভিত্তিক) ?

----

**39- রাজ্যে কতটি খুনের ঘটনা সম্পর্কিত তথ্য** ( By- i) Smt. Bijita Nath ii) Shri Ratan Kr. Bhowmik )

18 **বিজিতা নাথ** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। গত বছরে রাজ্যে কতটি খুনের ঘটনা ঘটেছে ; ২। তাদের মধ্যে কতজন নারী, শিশু ও কিশোরী রয়েছে; ৩। রাজ্যে ২০২০ সালের ১এপ্রিল থেকে ২০২১ সালের ১২ মার্চ পর্যন্ত কয়টি অস্বাভাবিক মৃত্যু হয়েছে ; ৪। তার মধ্যে কয়টি আত্মহত্যা এবং কয়টি খুন হয়েছে (পুরুষ ও মহিলা আলাদা হিসাব) ?

----

**40- বর্তমানে রাজ্যে থানা ও পুলিশ ফাঁড়ির সম্পর্কিত তথ্য** ( By Shri Islam Uddin )

19 **ইসলাম উদ্দিন** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। সংখ্যা। বর্তমানে রাজ্যে থানা ও পুলিশ ফাঁড়ির কত; কতটিতে যানবাহনের ব্যবস্থা আছে এবং কতটিতে নেই ; ২। আগামী অর্থ ব�সরে থানা এবং পুলিশ ফাড়ি বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি না ; ৩। থাকলে, ধর্মনগর মহকুমার অন্তর্গত রাণী বাড়ীতে পুলিশ ফাঁড়ি চালু করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি ; ৪। যদি না থাকে তার কারণ কী ?

----

**51- পর্যন্ত বধূহত্যা, মহিলা-যুবতী অপহরণ সংক্রান্ত** (By - ( Shri Nirmal Biswas )

20 **নির্মল বিশ্বাস** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। রাজ্যে মার্চ, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বধূহত্যা, মহিলা-যুবতী অপহরণ সংক্রান্ত বিভিন্ন থানায় কতটি মামলা নথিভুক্ত হয়েছে ; ২। ধর্ষণ সংক্রান্ত কতটি মামলা নথীভুক্ত হয়েছে ; ৩। তারমধ্যে ধর্ষণ করে কতজন মহিলাকে খুন করা হয়েছে ; এবং ৪। তদন্তক্রমে আদালতে কতটি মামলা বিচারের জন্য পাঠানো হয়েছে ?

----

**54 - SPO জওয়ান সম্পর্কিত তথ্য** (By Shri Nirmal Biswas)

21 **নির্মল বিশ্বাস** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। রাজ্যে বর্তমানে কতজন SPO জওয়ান রয়েছেন ; ২। বর্তমানে তাদের বেতন ভাতার পরিমাণ কত ; এবং ৩। SPO জওয়ানদের বেতন ভাতার পরিমাণ বৃদ্ধির জন্য সরকারের কোন পরিকল্পনা রয়েছে কি না ?

----

**59 - সড়ক নির্মাণের কার্য সম্পর্কিত তথ্য** ( By - Shri Dhananjoy Tripura )

22 **ধনঞ্জয় ত্রিপুরা** ():

:- ১। ১ এপ্রিল ২০১৮ হইতে ৩১ জানুয়ারী ২০২০ পর্যন্ত রাজ্যে মোট কয়টি এবং কত কিলোমিটার নতুন করা হয়েছে ; ২। প্রত্যেকটি মহকুমা ভিত্তিক এই গ্রামীণ সড়ক নির্মাণের কার্য বিবরণ ?

----

**61 - আটারবুলা ও বাগমা বাজারে ফায়ার সার্ভিস স্টেশন সম্পর্কিত তথ্য** ( By - Shri Ram Pada Jamatia )

23 **রাম পদ জামাতিয়া** ():

**স্বরাষ্ট্র (ফায়ার এবং ইমার্জেন্সি সার্ভিস)** :- ১। আটারবুলা ও বাগমা বাজারে ফায়ার সার্ভিস স্টেশন করার সরকারের কোন পরিকল্পনা আছে কি না ?

----

**67 - বে-আইনী আগ্নেয়াস্ত্র উদ্ধার সম্পর্কিত তথ্য** (By Shri Asish Kumar Saha )

24 **আশীষ সাহা** ():

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। গত তিন বছরে ত্রিপুরা রাজ্যে কত সংখ্যক এবং কী কী ধরণের বে-আইনী আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে ; ২। উক্ত সময়কালে বে-আইনী অস্ত্র রাখার অভিযোগে কতজন অভিযুক্তের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে এবং এদের মধ্যে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

----

**13 - রাজ্যে গ্রামীণ এলাকার পরিকল্পনা সম্পর্কিত তথ্য** (By SHRI SANKAR ROY )

25 **শংকর রায়** ():

PWD (Excluding DWS) :- ১। রাজ্যে গ্রামীণ এলাকার সর্বত্র যেখানে এক কিলোমিটার দৈর্ঘ্য পর্যন্ত কাঁচা রাস্তা রয়েছে সেগুলিতে সুষ্ঠুভাবে লোক ও যান চলাচলের সুবিধার্থে Cement Concrete (CC) Roads করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; ২। পরিকল্পনা থাকলে, এই লক্ষ্যে কাজ শুরু হয়েছে কি না; এবং ৩। পরিকল্পনা না থাকলে, এই ধরনের রাস্তাগুলিকে উপযুক্ত thickness বজায় রেখে Bituminous Carpeting করা হবে কিনা ?

----

**16 - সাব্রুম বিধানসভা নির্বাচনী কেন্দ্র সম্পর্কিত তথ্য** (By SHRI SANKAR ROY )

26 **শংকর রায়** ():

**গণপূর্ত বিভাগ (গার্হস্থ্য জল সরবরাহ) :-**

১। ৪০-সাব্রুম বিধানসভা নির্বাচনী কেন্দ্রের অর্ন্তভুক্ত পোয়াংবাড়ি ব্লকের কৃষকদের এক ফসলী জমিতে দুই ফসল চাষাবাদের সুবিধার্থে এবং প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত কৃষি শস্য উ￿পাদন দ্বিগুন করার আহ্বানকে কাজে লাগানোর উদ্দেশ্যে যেখানে কৃষি জমিতে জলসেচের ব্যবস্থা নেই সেখানে জলসেচের ব্যবস্থা করা হবে কিনা ; ২। করা হলে, কবে নাগাদ করা হবে; এবং ৩। করা না হলে এর কারণ কী ?

----

## 17 - সাব্রুমে একটি মহিলা থানা চালু সম্পর্কিত তথ্য (By SHRI SANKAR ROY )

27 **শংকর রায় ():**

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। সাব্রুমে একটি মহিলা থানা চালু করা হবে কিনা; ২। করা হলে, কবে নাগাদ করা হবে; এবং ৩। করা না হলে, এর কারণ কী ?

----

## 18 - পোয়াংবাড়ী থানার সম্পর্কিত তথ্য ( By - Shri Sankar Roy )

28 **শংকর রায় ():**

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। পোয়াংবাড়ী থানার জন্য নতুন করে বিল্ডিং নির্মাণ করা হবে কিনা; ২। করা হলে, কবে নাগাদ করা হবে; এবং ৩। করা না হলে, এর কারণ কী ?

----

## 19 - সাব্রুম থানা সম্পর্কিত তথ্য (By SHRI SANKAR ROY )

29 **শংকর রায় ():**

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। সাব্রুম থানায় দীর্ঘদিন ধরে খুবই ভগ্নদশায় তথা বিপজ্জনকভাবে থাকা বিল্ডিংগুলি দ্রুত ভেঙ্গে নতুন করে স্টাফ কোয়ার্টার সহ প্রয়োজনীয় সংখ্যক বিল্ডিং নির্মাণ করা হবে কি না ; ২। করা হলে, কবে নাগাদ করা হবে; এবং ৩। করা না হলে, এর কারণ কী ?

----

## 20 - সাব্রুম মহকুমায় রেল সংযোগ সম্পর্কিত তথ্য (By SHRI SANKAR ROY )

30 **শংকর রায় ():**

PWD (Excluding DWS) :- ১। রেল সংযোগ করার ক্ষেত্রে রেলের কাজের জন্য সামগ্রীবাহী ভারী যান চলাচলের পরিপ্রেক্ষিতে সাব্রুম মহকুমায় যে সকল এলাকায় পূর্ত দপ্তরের সড়ক ও গ্রামীণ সড়ক ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে সেই সকল সড়কগুলি অতি

দ্রুত সংস্কার / মেরামত করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে ? এবং ২। কবে নাগাদ এই সড়কগুলি সংস্কার / মেরামত করা যাবে বলে আশা করা যায় ?

----

**25 - বিভিন্ন বিরোধী রাজনৈতিক দল ও বিরোধী সংগঠনগুলি সভা ও মিছিল করা সম্পর্কিত তথ্য** ( By Shri Ratan Kr. Bhowmik )

**31 রতন কুমার ভৌমিক ():**

**HOME (Excluding Jail and Fire & Emergency Service) :-** ১। ২০১৮ সালের ১ এপ্রিল থেকে ২০২১ সালের ১০ ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন বিরোধী রাজনৈতিক দল ও বিরোধী সংগঠনগুলি সভা ও মিছিল করার জন্য পুলিশের নিকট কতগুলি অনুমতি চেয়েছিল (মহকুমা ভিত্তিক হিসাব) ; ২। তারমধ্যে কয়টির অনুমতি পুলিশ দিয়েছিল (মহকুমা ভিত্তিক হিসাব) ?

----

**40- বর্তমানে রাজ্যে থানা ও পুলিশ ফাঁড়ির সম্পর্কিত তথ্য** (By Shri Islam Uddin )

**32 ইসলাম উদ্দিন ():**

**HOME (Excluding Jail and Fire & Emergency Service) :-** ১। বর্তমানে রাজ্যে থানা ও পুলিশ ফাঁড়ির কত; কতটিতে যানবাহনের ব্যবস্থা আছে এবং কতটিতে নেই ; ২। আগামী অর্থ বৎসরে থানা এবং পুলিশ ফাড়ি বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি না ; ৩। থাকলে, ধর্মনগর মহকুমার অন্তর্গত রাণী বাড়ীতে পুলিশ ফাঁড়ি চালু করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি ; ৪। যদি না থাকে তার কারণ কী ?

----

**49- কৈলাসহর কুমারঘাট রাস্তা সম্পর্কিত তথ্য** ( By Shri Moboshar Ali )

**33 মোবশ্বার আলী ():**

:- ১। ইহা কি সত্য যে কৈলাসহর কুমারঘাট রাস্তা দীর্ঘদিন যাবদ স্বাভাবিক চলাচলের অনুপযুক্ত হয়ে আছে ; ২। যদি সত্য হয়ে থাকে তবে তার কারণ ; ৩। কৈলাসহরের মানুষের স্বার্থে কবে নাগাদ এই রাস্তা স্বাভাবিক ভাবে চলাচল তথা গাড়ী চলাচলের উপযুক্ত হবে বলে আশা করা যায়; 41 কৈলাসহর ধর্মনগর রাস্তা মেরামতির দায়িত্ব বর্তমানে Public Works Department এর সাথে রয়েছে কি; না থাকলে কোন্ সংস্থার হাতে রয়েছে ; ৫। এই রাস্তাটি মেরামতির জন্য দপ্তরের কোন পরিকল্পনা আছে কি ; এবং ৬। না থাকলে তার কারণ ?

----

**57- রাজ্য সরকারের আর্থিক ক্ষতির পরিমাণ সম্পর্কিত তথ্য** (By - Shri Sankar Roy)

**34 শংকর রায় ():**

:- ১। রাজ্যে বর্তমানে কর্ম বিনিয়োগ কেন্দ্রে শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী নথীভুক্ত বেকারের সংখ্যা কত ?

----

**58 - আগরতলাস্থিত কুঞ্জবন টাউনশীপে অধিকাংশ টাইপ ফোর কোয়ার্টার সম্পর্কিত তথ্য** ( By - Shri Sankar Roy )

35 **শংকর রায়** ():

:- ১। ইহা কি সত্য যে, আগরতলাস্থিত কুঞ্জবন টাউনশীপে অধিকাংশ টাইপ ফোর কোয়ার্টার বিগত কয়েক বছর ধরে খালি পড়ে আছে ; ২। এর ফলে লাইসেন্স ফি বাবদ নির্ধারিত অর্থ আদায় না হওয়ায় রাজ্য সরকারের আর্থিক ক্ষতির পরিমাণ কত ; ৩। উক্ত টাইপ ফোর কোয়ার্টারগুলি এলটমেন্ট দেওয়ার ক্ষেত্রে যদি কোন প্রতিবন্ধকতা থেকে থাকে সেটা অচিরেই দূর করার উদ্যোগ নিয়েআবেদনকারীদের এলটমেন্ট দেওয়া হবে কিনা; ৪। এলটমেন্ট দেওয়া না হলে এর কারণ ?

----

**65 - রাজ্যে প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কিত তথ্য** ( By - Shri Bhagaban Chandra Das )

36 **ভগবান দাস** ():

**রাজস্ব** :- ১। বর্তমানে ত্রিপুরা রাজ্যে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রতিটি মহকুমায় সরকারি স্তরে কী কী ব্যবস্থা রয়েছে ; ২। বর্তমানে প্রতিটি জেলা প্রশাসনের অধীনে Disaster Management বিভাগের Quick Response Teams (QRT) আছে কি না ; ৩। থাকলে প্রতিটি জেলায় কত সংখ্যক কর্মী সহ কতগুলি করে Quick Response Teams (QRT) আছে ; ৪। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় Quick Response Teams (QRT) কর্মীরা মূলত কী কী কাজ করে থাকে; ৫।প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিশেষ করে জলবন্দী লোকদের উদ্ধারের জন্য রাজ্যে প্রতিটি জেলা প্রশাসনের কাছে কত সংখ্যক করে মোটর চালিত সচল বোট রয়েছে ?

----

**67 - সড়ক নির্মাণ সম্পর্কিত তথ্য** ( By Shri Bhagaban Chandra Das )

37 **ভগবান দাস** ():

**HOME** (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। গত তিন বছরে ত্রিপুরা রাজ্যে কত সংখ্যক এবং কী কী ধরণের বে-আইনী আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে ; ২। উক্ত সময়কালে বে-আইনী অস্ত্র রাখার অভিযোগে কতজন অভিযুক্তের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে এবং এদের মধ্যে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

----

## 81- রাজ্যে IAS ও IPS অফিসারের শূন্যপদের সংখ্যা সম্পর্কিত তথ্য ( By - Shri Moboshar Ali )

38 **মোবশ্বার আলী ():**

**General Administration :-** ১) বর্তমানে রাজ্যে IAS ও IPS অফিসারের শূন্যপদের সংখ্যা কত; (ক্যাডার অনুযায়ী ব�সর ভিত্তিক হিসাব) ২) এখন পর্যন্ত রাজ্যে ১৯৯৮ ব্যাচের TCS এবং TPS অফিসার কতজন IAS এবং IPS পদে পদন্নোতি পেয়েছেন; (ক্যাডার ভিত্তিক হিসাব) ৩) IAS এবং IPS শূণ্য পদগুলি পুরনের জন্য যোগ্য অফিসার আছে কি না এবং থাকলে পদগুলি পুরণের জন্য কবে নাগাদ উদ্যোগ নেওয়া হবে ?

----

## 83- রাজ্যে থানা ভিত্তিক পুলিশের কাজে ব্যবহার যোগ্য সচল গাড়ি ও বাইকের সংখ্যা সম্পর্কিত তথ্য (By - Shri Sankar Roy )

39 **শংকর রায় ():**

**HOME (Excluding Jail and Fire & Emergency Service) :-** ১। রাজ্যে থানা ভিত্তিক পুলিশের কাজে ব্যবহার যোগ্য সচল গাড়ি ও বাইকের সংখ্যা কত; ২। ২০১৮ সনের মার্চ মাস পর্যন্ত এই সংখ্যা কত ছিল; ৩। রাজ্যে থানার অধীনস্থ বিভিন্ন পুলিশ ফাঁড়ির পুলিশের কাজে ব্যবহার যোগ্য সচল গাড়ি ও বাইকের সংখ্যা কত ; ৪।প্রতিটি থানা ও পুলিশ ফাঁড়ির পুলিশের কাজে ব্যবহার যোগ্য সচল গাড়ি ও বাইকের উক্ত সংখ্যা পর্যাপ্ত কি না; এবং ৫। পর্যাপ্ত না হলে, এই বিষয়ে দপ্তরের কী ধরণের পরিকল্পনা রয়েছে ?

----

## 84- সরকার রাজ্যের আইন শৃঙ্খলা রক্ষায় ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্য

40 **শংকর রায় ():**

**HOME (Excluding Jail and Fire & Emergency Service) :-** ১। বর্তমান সরকার রাজ্যের আইন শৃঙ্খলা রক্ষায় ব্যবস্থাপনা আরও সুদৃঢ় করার পর চুরি, ছিনতাই সহ অন্যান্য অপরাধজনিত ঘটনা ২০১৭-১৮ অর্থ বছরের তুলনায় বর্তমানে কত শতাংশ হ্রাস পেয়েছে; ২। চুরি, ছিনতাই সহ অন্যান্য অপরাধজনিত ঘটনা আরও কমানোর জন্য রাজ্য আরক্ষা দপ্তরের কী পরিকল্পনা রয়েছে ?

----

## 88 - রাজ্যের কতজন নাগরিক বিভিন্ন রাজ্যে আটকে ছিলেন; সম্পর্কিত তথ্য (By - 1 ) Shri Tapan Chakraborti 2) Shri Bhanulal Saha )

41 **তপন চক্রবর্তী ():**

**Rehabilitation :-** ১। ২৪ মার্চ, ২০২০ লকডাউন ঘোষনার পর ৩০ জুন, ২০২০ পর্যন্ত রাজ্যের কতজন নাগরিক বিভিন্ন রাজ্যে আটকে ছিলেন; ২। তারমধ্যে কতজন রাজ্য

সরকারের কাছে আর্থিক সাহায্যের আবেদন করেছেন এবং ৩০ জুন, ২০২০ পর্যন্ত কতজন নাগরিক রাজ্য সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য পেয়েছে; ৩। বর্তমান সময় পর্যন্ত কতজন নাগরিককে সরকারি উদ্যোগে রাজ্যে আনা হয়েছে এবং কতজন বে-সরকারি উদ্যোগে রাজ্যে এসেছে; ৪। রাজ্য থেকে কতজন পরিযায়ী শ্রমিকদের তাদের নিজ নিজ রাজ্যে পাঠানো হয়েছে; এবং ৫। আনা নেয়ার কাজ কবে নাগাদ সম্পূর্ণ হয়েছে?

----

### 91- **ঘূর্ণিঝড়ে সম্পর্কিত তথ্য** (By Shri Bhanulal Saha)

42 **ভানুলাল সাহা ():**

**রাজস্ব :-** ১। বিগত ঘূর্ণিঝড়ে জম্পুইজলা, বিশালগড় মহকুমা সহ রাজ্যের আরো কয়টি মহকুমার কত পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে ; ২। তাদের কী ধরণের সাহায্য দেয়া হয়েছে ; এবং ৩। ক্ষতিগ্রস্থ কৃষকদের সব্জী ও অন্যান্য ফসলের ক্ষতির জন্য দপ্তর থেকে কী কী সাহায্য করা হয়েছে?

----

### 97- **নারী নির্যাতনের ঘটনা সম্পর্কিত তথ্য** (By - Smt. Bijita Nath )

43 **বিজিতা নাথ ():**

HOME (Excluding Jail and Fire & Emergency Service) :- ১। লকডাউন চলাকালিন রাজ্যে কয়টি নারী নির্যাতনের ঘটনা ঘটেছে ; এবং ২। উক্ত সময়ে কতজন ধর্ষীতা হয়েছেন এবং কয়টি খুন হয়েছে ?

----

### 98- **পাকা রাস্তা, কাঁচা রাস্তা ও ব্রিক্স সলিংসম্পর্কিত তথ্য**

(By - Shri Sahid Choudhuri )

44 **সহিদ চৌধুরী ():**

:- ১। রাজ্যে বর্তমানে কোন কোন মহকুমায় কতটি পাকা রাস্তা, কাঁচা রাস্তা ও ব্রিক্স সলিং রাস্তা আছে এবং এই রাস্তাগুলির দৈর্ঘ্য কত; ২। ৩১ মার্চ ২০১৮ থেকে ৩১ জুলাই ২০২০ পর্যন্ত কতগুলি পাকা রাস্তা মেরামতের কাজ করা হয়েছে এবং এতে কত টাকা খরচ হয়েছে; এবং ৩। এই কাঁচা ও ব্রিক্স সলিং রাস্তগুলিকে পাকা রাস্তায় পরিণত করার জন্য দপ্তরের কোন পরিকল্পনা আছে কিনা ?

----